

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৯৬

করবুক, ৩০ ডিসেম্বর, ২০২৩

করবুক ব্লকে এমজিএন রেগার ৮,০১,২২৪ শ্রমদিবস সৃষ্টি

করবুক ব্লকের ২২টি এডিসি ভিলেজে এমজিএন রেগার মাধ্যমে বিভিন্ন কর্মসূচি রূপায়িত হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে ব্লক এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে রাস্তায় ইট সলিঙ্গ, নালা পরিষ্কার করা, নতুন রাস্তা তৈরি সহ মৎস্য চামের জন্য পুরাতন পুরুর সম্প্রসারণ এবং প্ল্যান্টেশন এর লক্ষ্যে রাবার বাগান ও সুপারি বাগান তৈরি করা হয়েছে। এই কর্মসূচি রূপায়নে ১১ হাজার ৮৩ টি পরিবার কাজ পেয়েছেন এবং এখন পর্যন্ত কাজ হয়েছে ৮ লক্ষ ১ হাজার ২২৪ শ্রম দিবসের। গড়ে কাজ হয়েছে ৭২.২৯ শ্রম দিবসের। করবুক সমষ্টি উন্নয়ন কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
